

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
www.debendracollege.gov.bd

নং-সদেক/২০২৩/হিসাব/এন-১/ ৯৮৮

তারিখ : ২২/১১/২০২৩ খ্রি.

২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজের ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আগামী নিম্ন বর্ণিত তারিখের মধ্যে অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে। ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nubd.info/formfillup) দেয়া আছে।

ফরম পূরণের তারিখ ও সময় :

বিষয়	তারিখ:	সময়:
বি.এ (নিয়মিত/অনিয়মিত/গ্রেড- উন্নয়ন/প্রাইভেট)	২৬/১১/২০২৩	সকাল ১০.০০টা
বি.বি.এস (নিয়মিত/অনিয়মিত/গ্রেড- উন্নয়ন/প্রাইভেট)	হতে	হতে
বি.এস.এস (নিয়মিত/অনিয়মিত/গ্রেড- উন্নয়ন/প্রাইভেট এবং বি.এসসি (সকল))	২৮/১১/২০২৩ পর্যন্ত	দুপুর ১.০০ টা পর্যন্ত

ফিসের তালিকা:

(নিয়মিত/অনিয়মিত (সকল বিষয়) / প্রাইভেট (সকল বিষয়))

নিয়মিত বি.এ/বি.এস.এস/বি.বি.এস/ বি.এস.সি/নিয়মিত (প্রাইভেট)	অনিয়মিত বি.এ/বি.এস.এস/বি.বি.এস/ বি.এস.সি/অনিয়মিত (প্রাইভেট)	সার্টিফিকেট কোর্স (নিয়মিত)	সার্টিফিকেট কোর্স (অনিয়মিত)
১৩০৫/-	১৬০৫/-	৮০৫/-	১১০৫/-

গ্রেড উন্নয়ন /অকৃতকার্য (১ – ৬ পত্র)

বিষয়	১ পত্র	২ পত্র	৩ পত্র	৪ পত্র	৫ পত্র	৬ পত্র
সকল বিষয়	৯০৫/-	১০০৫/-	১১০৫/-	১২০৫/-	১৩০৫/-	১৪০৫/-

Conditional Promoted- এর ক্ষেত্রে উপরিউক্ত টাকার সাথে আরও ১০০০/- (এক হাজার টাকা মাত্র) যোগ করতে হবে।

শুধুমাত্র ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এবং ২০১৪, ২০১৫, ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুলে তাদের মোট টাকার পরিমাণ=৫,৫০৫/-।

অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/formfillup) থেকে ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

০২। ডাউনলোডকৃত ফরম প্রিন্ট নেয়ার পর নিয়মিত পরীক্ষার্থীরা বিকাশ/ নগদ এর মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিবে। পরীক্ষার ফিসে টাকার অংক গড়মিল থাকলে দ্রুত আইসিটি বিভাগে (কক্ষ নং- ১০৭) যোগাযোগ করে টাকার অংক ঠিক করে নিয়ে বিকাশ/নগদের মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিতে হবে।

০৩। গ্রেড উন্নয়ন/অকৃতকার্য (১-৬ পত্র) পরীক্ষার্থীরা ডাউনলোডকৃত ফরমের প্রিন্ট কপি নিয়ে আগামী ২৬/১১/২০২৩ তারিখ হতে ২৮/১১/২০২৩ তারিখের মধ্যে আইসিটি বিভাগে (কক্ষ নং- ১০৭) জমা দিয়ে টাকার অংক নির্ধারণ করে নিয়ে বিকাশ/নগদের মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিতে হবে।

মোবাইলের মাধ্যমে বিকাশ/নগদে পরীক্ষার ফি জমাদানের পদ্ধতি:

বিকাশ বা নগদ অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর এখানে Govt Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

শুধুমাত্র ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ এবং ২০১৪, ২০১৫, ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য ৫,৫০৫/- (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি (এক বা একাধিক কোর্সের জন্য F গ্রেড প্রাপ্ত সমভাবে) প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করতে পারবে। তবে, কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে কোন অবস্থাতেই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

অনলাইনে ফরম পূরণের ফি জমাদানের পর শিক্ষার্থীদের করণীয়:

পূরণকৃত ফরম নিম্নোক্ত কাগজপত্রসহ নির্ধারিত সময়ের (অফিস চলাকালীন সময়ের মধ্যে সরকারি ছুটির দিন ব্যতিত) মধ্যে কমিটির নিকট (গণিত বিভাগ) থেকে **যাচাই পূর্বক** কলেজের হিসাব শাখায় অবশ্যই জমা দিতে হবে।


০১। রেজি: কার্ডের ফটোকপি ০১টি।


০২। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ০২টি।

০৩। রেফার্ড/অকৃতকার্য/জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের প্রবেশ পত্রের ফটোকপি ০১টি।

০৪। বিকাশ/ নগদে ফি জমাদানের রশিদের কপি (মূল কপিতে নাম, মোবাইল নম্বর ও ক্লাশ রোল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি কলেজে জমা দিতে হবে এবং ফটোকপি শিক্ষার্থীর কাছে থাকবে।)

প্রতিস্বাক্ষর


অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।


অইবায়ক

১ম বর্ষ ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ফরম পূরণ কমিটি/২০২২
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।